

15 ডিসেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আশা করি আপনারা নিরাপদ ও ভাল আছেন।

শীতের মৌসুম আসা মানেই হচ্ছে, আমরা দুর্যোগপূর্ণ আবহাওয়ার সম্মুখীন হব যা একটি সাধারণ বছরে শিক্ষকতা ও শিক্ষা গ্রহণে সকল স্কুল বন্ধের কারণ হতো। এই বছর, যদি কোনো তুষার ঝড় অথবা দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে স্কুল ভবনগুলো বন্ধ থাকলেও, সকল স্কুল ঐ দিন দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) প্রদান করবে। সকল শিক্ষার্থী তাদের রিমোট দিনগুলোতে যেভাবে দূর থেকে শিক্ষা গ্রহণ করে, সেভাবে বাড়ি থেকে লগ অন করবে ও তাদের কাজে সম্পৃক্ত হবে বলে প্রত্যাশিত। মিডল ও হাই স্কুল শিক্ষার্থীরা যারা ইতোমধ্যেই প্রতিদিন দূর থেকে শিক্ষা গ্রহণ করছে, আবহাওয়া যাই হোক না কেন, তারা প্রতিদিন দূর থেকে বা রিমোটলি স্কুলে উপস্থিত হবে বলে প্রত্যাশিত।

আবহাওয়ার জন্য স্কুল ভবন বন্ধ থাকলেও, পুরো সিস্টেমব্যাপী দূর থেকে শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের সক্ষমতা আমাদের শেখা অব্যাহত রাখার সুযোগ দেয়। বরাবরের মতই আবহাওয়ার কারণে স্কুল ভবনগুলো বন্ধ থাকলে আপনাকে অবহিত করা হবে, কিন্তু সেই দিনগুলোতে শিক্ষা গ্রহণ বন্ধ হবে না।

বুধবার, 16 ডিসেম্বর বিকেল থেকে শুরু করে নিউ ইয়র্ক সিটিতে আসন্ন তুষার ঝড়ের পূর্বাভাস সংক্রান্ত তথ্য জানাতে আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ বজায় রাখবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে বাড়িতে নিয়ে যাবার জন্য মঙ্গলবার, 15 ডিসেম্বর এবং বুধবার, 16 ডিসেম্বর বাড়তি খাবার পাওয়া যাবে।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন